

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৪৩

১/ ঈমান

পরিচ্ছেদঃ গায়বী খবর আল্লাহই জানেন

আরবী

عَن عَائِشَةَ قَالَت كَانَ رَسُولُ اللهِ عَلَيْ إِذَا رَأَى مَخِيلَةً يَعَني الْغَيْمَ تَلَوَّنَ وَجْهُهُ وَتَغَيَّرَ وَدَخَلَ وَخَرَجَ وَأَقْبَلَ وَأَدْبَرَ فَإِذَا مَطَرَت سُرِّيَ عَنهُ قَالَت فَذَكَرَت لَهُ عَائِشَةُ بَعْضَ مَا رَأَت مِنْهُ فَقَالَ وَمَا يُدْرِينِي لَعَلَّهُ كَمَا قَالَ قَوْمُ عَادٍ فَلَمَّا رَأَوْهُ عَارِضًا مُسْتَقْبِلَ أَوْدِيَتِهِمْ قَالُوا هَذَا عَارِضٌ مُمْطِرُنَا بَلْ هُوَ مَا اسْتَعْجَلْتُمْ بِهِ رِيحٌ فِيهَا عَذَابٌ أَلِيمٌ

বাংলা

(৪৩) আয়েশা (রাঃ) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন বৃষ্টি-সম্ভাবনাময় মেঘ দেখলে অগ্র-পশ্চাৎ হয়ে হাঁটাহাঁটি করতেন। অতঃপর বৃষ্টি হলে শক্ষামুক্ত হতেন। একদা আমি বললাম, ('আপনি এমন শক্ষাগ্রস্ত হন কেন? লোকেরা তো মেঘ দেখলে খোশ হয়।') তিনি বললেন, জানি না, হয়তো-বা তাই হতে পারে, যেমন আল্লাহ তা'আলা বলেছেন, অতঃপর যখন তাদের উপত্যকার দিকে তারা মেঘ আসতে দেখল, তখন তারা বলতে লাগল, 'ওটা তো মেঘ, আমাদেরকে বৃষ্টি দান করবে।' (হূদ বলল,) 'বরং ওটাই তো তা, যা তোমরা ত্বরান্বিত করতে চেয়েছ; এক ঝড়, যাতে রয়েছে যন্ত্রনাদায়ক শাস্তি। (আহক্রাফঃ ২৪)

ফুটনোট

(আহমাদ ২৬০৩৭, মুসলিম ২১২২, তিরমিয়ী ৩২৫৭, ইবনে মাজাহ ৩৮৯১, সিলসিলা সহীহাহ ২৭৫৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন